

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৭০

করবুক, ২২ নভেম্বর, ২০২৩

২ ডিসেম্বর পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ২৫ তম কালাঝারি উৎসব

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং করবুক মহকুমা প্রশাসনের সহযোগিতায় আগামী ২ ডিসেম্বর করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে ২৫ তম কালাঝারি উৎসব অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে গতকাল করবুক মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা। এছাড়াও করবুক মহকুমার মহকুমা শাসক পার্থ দাস, বিভিন্ন দপ্তরের অধিকারিকগণ সহ বিভিন্ন জনজাতি সমাজের সদস্যগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ২ ডিসেম্বর সন্ধ্যা ৫ টায় ২৫ তম কালাঝারি উৎসবের উদ্বোধন হবে। উদ্বোধন শেষে পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠের মুক্ত মঞ্চে হজাগিরি, লেবাং বুমানি, মামিতা, সাংগ্রাই, ওয়া বিজু, চেরৌ, ত্রিপুরী নৃত্য ও জনজাতি লোক সংগীত পরিবেশিত হবে। এই উৎসবকে সার্থক রূপ দেওয়ার লক্ষ্যে একটি উপদেষ্টা কমিটি, একটি সাংগঠনিক কমিটি ও কয়েকটি উপকমিটি গঠন করা হয়। সাংগঠনিক কমিটির চেয়ারম্যান হয়েছেন করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা।
